

জরুরী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বিএসএফআইসি শাখা
www.moind.gov.bd
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০



জরুরী
গোপনীয়

স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.০৬৪.০২.০০১.২০.২৫

তারিখ: ৩ বৈশাখ ১৪২৭

১৬ এপ্রিল ২০২০

বিষয়: ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত বাজেটে শিল্প মন্ত্রণালয়কে প্রদানকৃত বরাদ্দের অতিরিক্ত হিসেবে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের অনুকূলে ১,৭১৬.০০ কোটি (এক হাজার সাতশত ষোল কোটি) টাকা বরাদ্দ প্রদান এবং ব্যাংক ঋণ এর গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টিসহ মেয়াদ উত্তীর্ণ ১০টি ব্যাংক ঋণ এর গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টির মেয়াদ বৃদ্ধি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চীনের উহান শহরে শুরু হওয়া করোনা ভাইরাস এর সংক্রমণ বিশ্বব্যাপী ব্যাপক হারে ছড়িয়ে পড়েছে। যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যসহ ইউরোপের দেশগুলোতে করোনা ভাইরাসের বিস্তার ক্রমাগতই বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশেও করোনা আক্রান্ত রোগীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। করোনা সংক্রমণের কারণে দেশের আমদানি ও রপ্তানি উভয় ক্ষেত্রেই প্রভাব পড়বে। এ পরিস্থিতিতে টিকে থাকার জন্য দেশীয় শিল্পের প্রসারের বিকল্প নেই। দেশে উৎপাদিত কাঁচামাল আর্থ থেকে চিনিউৎপাদনকারী একমাত্র প্রতিষ্ঠান বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন। চিনি উৎপাদনের পাশাপাশি ডিস্টিলারি, ভিনেগার ও জৈবসার উৎপাদন করে আসছে। করোনা ভাইরাস প্রতিরোধে সারা জাতি যখন গভীর উদ্বেগ ও উৎকণ্ঠার সাথে সময় পার করছে; বাজারে যখন **hand sanitizer** এর তীব্র সংকট; সে মুহূর্তে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন কেবু অ্যান্ড কোম্পানি কর্তৃক উৎপাদিত **hand sanitizer** করোনা ভাইরাস প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

২। বর্তমান পরিস্থিতিতে দেশীয় শিল্পকে টিকিয়ে রাখার জন্য সরকার কর্তৃক বিভিন্ন প্রণোদনা ঘোষণা করা হয়েছে। বর্তমান পরিস্থিতির গুরুত্ব বিবেচনায় নিয়ে দেশীয় কাঁচামাল আর্থ থেকে চিনি উৎপাদনের প্রতি জোর গুরুত্ব আরোপ করা প্রয়োজন। রাষ্ট্রীয় মালিকানাধীন চিনি উৎপাদনকারী প্রতিষ্ঠান বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের সাথে প্রায় ২(দুই) লক্ষ আর্থচারিষির জীবন জীবিকা জড়িত। ঋণ গ্রস্ত রাষ্ট্রীয় মালিকানাধীন এ প্রতিষ্ঠানটি কর্তৃক চলতি মূলধনের অভাবে কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা ও আর্থচারিষিদের আর্থের মূল্য পরিশোধ করা সম্ভব হচ্ছে না। উল্লেখ্য, বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক দাখিলকৃত বিশেষ নিরীক্ষা হিসাব অনুযায়ী ট্রেড গ্যাপ ও ভর্তুকি বাবদ প্রতিষ্ঠানটির সরকারের নিকট পাওনা ৪৭৫২.৪০ কোটি (চার হাজার সাত শত বায়ান্ন কোটি চল্লিশ লক্ষ) টাকা। বারবার অর্থ বিভাগকে অর্থ মঞ্জুর ও ছাড় করার অনুরোধ করা হলেও প্রয়োজনীয় অর্থ পাওয়া যায়নি বিধায় প্রতিষ্ঠানটি চরম দুর্ভাবস্থায় পতিত হচ্ছে।

৩। এতদ্ব্যতীত, জনতা ব্যাংক থেকে সিসি ঋণ হিসেবে ৩০০ (তিনশত) কোটি টাকা গ্রহণের জন্য ৩০০ কোটি টাকার সমপরিমাণ অর্থের গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টিসহ বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের মেয়াদ উত্তীর্ণ ১০টি ব্যাংক ঋণ এর গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টির মেয়াদ বৃদ্ধির জন্য বারবার অনুরোধ করা হলেও অর্থ বিভাগ কর্তৃক গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টির মেয়াদ বৃদ্ধি করা হয়নি। সর্বশেষ ১৫.০৩.২০২০ তারিখে পুনরায় গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টির মেয়াদ বৃদ্ধির জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হয়েছে।

৪। দেশের ও আন্তর্জাতিক অঙ্গনের এ পরিস্থিতিতে ভবিষ্যতে চিনির বাজার স্থিতিশীল রাখতে নির্বিঘ্নে চিনি উৎপাদনের নিমিও (ক) ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত বাজেটে শিল্প মন্ত্রণালয়কে প্রদানকৃত বরাদ্দের অতিরিক্ত হিসেবে বাংলাদেশ চিনি ও খাদ্য

শিল্প কর্পোরেশনের অনুকূলে চিনি আমদানি/ক্রয় বাবদ ৫৪০.০০ কোটি (পাঁচশত চল্লিশ কোটি) টাকা, আখের মূল্য পরিশোধের জন্য ভর্তুকি বাবদ ১৩৭.০০ কোটি (একশত সাইত্রিশ কোটি) টাকা, চলতি মূলধন হিসেবে ৭০০.০০ কোটি (সাতশত কোটি) টাকা এবং গ্র্যাটুইটি বাবদ ২৫৬.০০ কোটি (দুইশত ছাপ্পান্ন কোটি) টাকা, পি এফ বাবদ ৮৩.০০ কোটি (তিরিশ কোটি) টাকা অর্থাৎ মোট ১,৭১৬.০০ কোটি (এক হাজার সাতশত ষোল কোটি) টাকা বরাদ্দ প্রদানের জন্য; (খ) জনতা ব্যাংক থেকে সিসি ঋণ হিসেবে ৩০০ (তিনশত) কোটি টাকা গ্রহণের জন্য অর্থ বিভাগ কর্তৃক গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টি প্রদানের জন্য; এবং (গ) মেয়াদ উত্তীর্ণ ১০টি ব্যাংক ঋণ এর গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টির মেয়াদ বৃদ্ধির জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল।



১৮-৪-২০২০

আফরোজা বেগম পারুল
সিনিয়র সহকারী সচিব

সচিব
অর্থ বিভাগ

স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.০৬৪.০২.০০১.২০.২৫/১(৭)

তারিখ: ৩ বৈশাখ ১৪২৭
১৬ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), বিএসএফআইসি অনুবিভাগ, শিল্প মন্ত্রণালয়
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন
- ৩) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), বিএসএফআইসি, শিল্প মন্ত্রণালয়
- ৪) উপসচিব, বিএসএফআইসি অধিশাখা, শিল্প মন্ত্রণালয়
- ৫) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, শিল্প মন্ত্রণালয়
- ৬) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শিল্প মন্ত্রণালয়
- ৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, শিল্প মন্ত্রণালয়



১৮-৪-২০২০

আফরোজা বেগম পারুল
সিনিয়র সহকারী সচিব